



তাগিদ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭।  
শাখা- ১০ (পিআইইউ)  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৩৫.০১.০০৪.২৬- ০৬

তারিখ: ০৬ জুন, ২০২৬ খ্রি.

**বিষয়: কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট এর ২০০৮-২০১১ অর্থবছর হতে ২০১৮-২০১৯ অর্থবছর পর্যন্ত Non-SFI (সাধারণ আর্থিক অনিয়ম) হিসেবে অডিট আপত্তির ব্রডশিট জবাব পুনরায় প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউটের ২০০৮-২০১১ অর্থবছরের ২টি (অনু- ০৪ ও ০৬) এবং ২০১৮-২০১৯ অর্থবছরের ১টি (অনু- ০৭) Non-SFI অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে। প্রতিষ্ঠানের আর্থিক খাতে শৃঙ্খলা বিধান এবং সরকারি অর্থের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের স্বার্থে যথাসময়ে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরণের প্রয়োজনীয়তা রয়েছে। উক্ত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করার লক্ষ্যে AIR এর সুপারিশ অনুযায়ী এবং শিক্ষা অডিট অধিদপ্তরের মন্তব্যের আলোকে নির্ধারিত ফরম্যাটে নিষ্পত্তিমূলক ব্রডশিট জবাব প্রস্তুত করে অত্র অধিদপ্তরে প্রেরণ করা প্রয়োজন।

এমতাবস্থায়, উক্ত ০৩টি Non-SFI অডিট আপত্তির প্রমাণকসহ ব্রডশিট জবাব দুই সেট আগামী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ড. রেজা হাসানি মাহমুদ  
সহকারী পরিচালক (অডিট ও আইন)  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ

দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট, দিনাজপুর।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। পরিচালক (পিআইডব্লিউ/প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

০২। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ই-

মেইলে প্রেরণের অনুরোধসহ)।

০৪। সংশ্লিষ্ট নথি।